# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576


নং-বামাশিবো/প্রশাসন/নীল-১২০/৮৫৮/৪ তারিখঃ০১ /০২/২০১৮খ্রিঃ

**বিষয়ঃ মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং- ৯৮৯৬/২০১৬ এর আদেশের আলোকে সহকারী শিক্ষক (সমাজ বিজ্ঞান) মোঃ নুর আলম এর আবেদন নিস্পত্তিকরণ প্রসঙ্গে।**

সূত্রঃ
১) নং-বামাশিবো/প্রশাসন/নীল-১২০/৮৩৫/৪; তারিখঃ ২৭/১২/২০১৭খ্রিঃ
২) নং-বামাশিবো/প্রশাসন/নীল-১২০/৭৮৫/৪; তারিখঃ ১১/১০/২০১৭খ্রিঃ
৩) নং- ৫৭.০০.০০০০.০৭৫.০২৭.৪১.১৭/২৫৭; তারিখঃ ১২ সেপ্টেম্বর ২০১৭খ্রিস্টাব্দ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, নীলফামারী জেলার সৈয়দপুর উপজেলাধীন সৈয়দপুর আসমতিয়া দাখিল মাদ্রাসার সহকারী শিক্ষক (সমাজ বিজ্ঞান) মোঃ নুর আলম এর আবেদন এবং তার কর্তৃক মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং- ৯৮৯৬/২০১৬ এর আদেশের আলোকে বিষয়টি নিস্পত্তির জন্য শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক সূত্রে উল্লিখিত ৩নং স্মারকে নির্দেশনা প্রদান করা হয়।

নির্দেশনার আলোকে সহকারী শিক্ষক (সমাজ বিজ্ঞান) এর আবেদন এবং রিট পিটিশন নং- ৯৮৯৬/২০১৬ এ বর্ণিত অভিযোগ বিষয়ে সমর্থনীয় কাগজপত্রসহ লিখিত বক্তব্য নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য মাদ্রাসার সুপার এবং ম্যানেজিং কমিটির সভাপতিকে সূত্রোক্ত ২নং স্মারকে পত্র দেয়া হয়। পত্রের পরিপ্রেক্ষিতে উভয় পক্ষ যে জবাব দাখিল করেছেন, তা বোর্ড কর্তৃপক্ষের নিকট সাংঘর্ষিক প্রতীয়মান হওয়ায় সৃষ্ট জটিলতা নিরসণকল্পে ১০/০১/২০১৮খ্রিঃ তারিখ রোজ বুধবার সকাল ১০.০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে মুখোমুখি শুনানীতে উপস্থিত হয়ে স্ব-স্ব দাবীর পক্ষে লিখিত ও মৌখিক বক্তব্যসহ সমর্থনীয় কাগজপত্র দাখিল করার জন্য সূত্রস্থ ১নং স্মারকে পত্র দেয়া হয়।

পত্রের পরিপ্রেক্ষিতে সুপার এবং সহকারী শিক্ষক (সমাজ বিজ্ঞান) মোঃ নুর আলম বোর্ডে উপস্থিত হয়ে স্ব-স্ব দাবীর পক্ষে লিখিত ও মৌখিক বক্তব্যসহ সমর্থনীয় কাগজপত্র দাখিল করেন। সুপার তাঁর বক্তব্যে বলেন যে, জনাব মোঃ নুর আলম ১ম এক মাস পরবর্তীতে লাগাতার অনুপস্থিত থাকে ফলে ম্যানেজিং কমিটি তাঁকে কারণ দর্শানো নোটিশ দেয়, যার জবাব পাওয়া যায়নি। সাময়িক বরখাস্তের নোটিশ দেয়া হলেও তার কোন জবাব পাওয়া যায়নি ফলে কাগজপত্র আপিল এন্ড আরবিট্রেশন বোর্ডে প্রেরণ করা হয় কিন্তু কোন সিদ্ধান্ত না হওয়ায় পরবর্তীতে সে পদত্যাগ করে। পদত্যাগের কারণে শূন্য পদে লোক নিয়োগ করা হয়েছে।

অপরদিকে সহকারী শিক্ষক (সমাজ বিজ্ঞান) মোঃ নুর আলম তাঁর বক্তব্যে বলেন যে, তিনি এক মাস অনুপস্থিত ছিলেন কিন্তু পরে তাঁকে যোগদান করতে দেয়া হয়নি এবং অন্যায়ভাবে দীর্ঘদিন যাবৎ তাঁর বেতন ভাতা বন্ধ করে রাখা হয়েছে। এছাড়া তিনি উক্ত পদ থেকে পদত্যাগ করেননি। তাঁকে চূড়ান্তভাবে বরখাস্ত না করেই বিধি বহির্ভূতভাবে উক্ত পদে নতুন লোক নিয়োগ দেয়া হয়েছে মর্মে শুনানীকালে জানান।

উভয় পক্ষের বক্তব্য ও দাখিলকৃত কাগজপত্র পর্যালোচনায় দেখা যায়, সহকারী শিক্ষক (সমাজ বিজ্ঞান) মোঃ নুর আলম এর বরখাস্ত অনুমোদনের জন্য অত্র বোর্ডের আপিল এন্ড আরবিট্রেশনে দাখিল করা হলেও তা যথাযথ প্রক্রিয়া অনুসরণে না হওয়ায় অনুমোদন দেয়া হয়নি। সুপার, সহকারী শিক্ষক (সমাজ বিজ্ঞান) মোঃ নুর আলম এর পদত্যাগ সংক্রান্ত কোন কাগজপত্র শুনানীকালে প্রদর্শন করতে পারেননি। এছাড়া সহকারী শিক্ষক (সমাজ বিজ্ঞান) মোঃ নুর আলমকে চূড়ান্ত বরখাস্ত অনুমোদন না করে সে পদে লোক নিয়োগ বিধি সম্মত হয়নি।

বর্ণিত অবস্থায় মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং- ৯৮৯৬/২০১৬ এর আদেশ মোতাবেক সহকারী শিক্ষক (সমাজ বিজ্ঞান) মোঃ নুর আলম এর বরখাস্ত আদেশ প্রত্যাহার পূর্বক স্বপদে পূনর্বহাল করার জন্য মাদ্রাসার সুপার এবং ম্যানেজিং কমিটির সভাপতিকে অনুরোধ করা হলো। তবে শর্ত থাকে যে, সহকারী শিক্ষক (সমাজ বিজ্ঞান) মোঃ নুর আলম কোন বকেয়া বেতন ভাতা দাবী করতে পারবেন না।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপকঃ
১) সভাপতি, ম্যানেজিং কমিটি, সৈয়দপুর আসমতিয়া দাখিল মাদ্রাসা, সৈয়দপুর, নীলফামারী।
২) সুপার, সৈয়দপুর আসমতিয়া দাখিল মাদ্রাসা, সৈয়দপুর, নীলফামারী।

নং-বামাশিবো/প্রশাসন/নীল-১২০/৮৫৮/৪ তারিখঃ০১ /০২/২০১৮খ্রিঃ

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. জেলা প্রশাসক, নীলফামারী।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. জনাব মোঃ আঃ খালেক মিঞা, সহকারী সচিব (মাদ্রাসা-১), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. উপজেলা নির্বাহী অফিসার, সৈয়দপুর, নীলফামারী।
৫. জনাব মোঃ নুর আলম, সহকারী শিক্ষক (সমাজ বিজ্ঞান), সৈয়দপুর আসমতিয়া দাখিল মাদ্রাসা, সৈয়দপুর, নীলফামারী।
৬. পি এ টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪

G:\Admin\Shujan\2017\12. December\19.12.2017\Nil-120